

তৃতীয় দার্স

প্রস্রাব-পায়খানাঃ

الدرس الثالث

قضاء الحاجة

পেশাব-পায়খানার আদবসমূহের কিছু আদব নিম্নরূপ,

১। প্রস্রাবখানা ও পায়খানায় প্রবেশের পূর্বে বাঁ পা আগে রেখে এই দুআ পাঠ করবে।

((بِسْمِ اللَّهِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْحُبْثِ وَالْحَبَائِثِ))

(বিসমিল্লাহি আল্লাহুম্মা ইন্নী আউযু বিকা মিনাল খুবুসি অল খাবা-ইস) অর্থ, আল্লাহর নাম নিয়ে প্রবেশ করছি। হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট খবিস জিন ও জিনী হতে আশ্রয় প্রার্থনা করছি। আর পায়খানা থেকে বের হওয়ার সময় ডান পা আগে রেখে বলবে, «عَفْرَانِكَ» (গুফরা

নাক) হে আল্লাহ! আমি তোমার ক্ষমা চাই।

২। এমন কোন জিনিস নিয়ে পায়খানায় প্রবেশ করবে না, যার মধ্যে আল্লাহর নাম লিখা আছে। তবে হারিয়ে যাওয়ার আশঙ্কা থাকলে নিতে পারে।

৩। খোলা মাঠে পেশাব-পায়খানা করার সময় ক্বিবলার দিকে মুখ ও পিছন করে বসবে না। তবে নির্মিত (চারদিক ঘেরা) হলে ক্বিবলার দিকে

মুখ ও পিছন করা জায়েয।

৪। লোক চক্ষু থেকে লজ্জাস্থানকে ঢেকে রাখবে এ ব্যাপারে অবহেলা করবে না। পুরুষদের লজ্জাস্থান হলো, নাভি থেকে হাঁটু পর্যন্ত। আর নারীদের সমগ্র শরীরটাই ঢাকতে হবে শুধু মুখমন্ডল নামায়ে খুলে রাখবে। তবে যদি পরপুরুষ থাকে, তাহলে নামায়েও মুখমন্ডল ঢাকতে হবে।

৫। শরীরে ও কাপড়ে যেন পেশাব-পায়খানার কোন কিছু না লাগে এ ব্যাপারে সতর্ক থাকবে।

৬। পেশাব-পায়খানার পর পানি দিয়ে তা পরিষ্কার করবে। অথবা রুমাল (টিসু), পাথর ইত্যাদি ব্যবহার ক'রে অপবিত্রতার চিহ্ন দূর করবে। পরিষ্কার করার সময় বাঁম হাত ব্যবহার করবে।